৩১/৭/২০০৭

তারিখ ...............
পৃষ্ঠা ৩ ....... কলাম ৭ .......

দৈনিক সংবাদ

# ধর্মঘটের ২য় দিনে ঢাকা ভার্সিটিতে কোন পরীক্ষা হয় নাই

- আলোচনার জন্য কর্তৃপক্ষের আহ্বানে ছাত্রদল নীরব
- ছাত্রলীগ আজ প্রতিরোধের ঘোষণা দিবে
- বেতন তোলার জন্য আজ ১ ঘন্টা ধর্মঘটের বিরতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ছাত্রদল আহূত লাগাতার ছাত্র ধর্মঘটের দ্বিতীয় দিনে গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস দৃশ্যতঃ অচল হইয়া পড়িয়াছে। কলা ভবন এবং কার্জন হলে কোন পরীক্ষা অনুষ্ঠিত হয় নাই। কেন্দ্রীয় লাইব্রেরী ছিল বন্ধ। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আলোচনার উদ্যোগ নিলেও ছাত্রদলের পক্ষ হইতে কোন সাড়া পাওয়া যাইতেছে না। দাবী আদায় না হওয়া পর্যন্ত ছাত্রদলের কর্মসূচী দীর্ঘতর হইবে বলিয়া সংগঠন সূত্র হইতে জানা যায়। এদিকে ছাত্রলীগ আগামীকাল বুধবার হইতে ক্যাম্পাসে ছাত্রদলকে প্রতিরোধ করার ঘোষণা দিয়াছে। এ উপলক্ষে

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ

## ঢাকা ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রলীগ আজ মঙ্গলবার সংবাদ সম্মেলনের মাধ্যমে কর্মসূচী দিবে। উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরী দুই/একদিনের মধ্যে প্রধান উপদেষ্টা এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের সহিত সাক্ষাৎ করিবেন। ছাত্রলীগের উদ্যোগে সাধারণ ছাত্র-ছাত্রীদের মিছিল-সমাবেশ গতকালও অব্যাহত ছিল। ছাত্রদল এবং ছাত্রলীগ ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করে।

বৃষ্টির মধ্যে গতকাল সকালে ছাত্রদল কর্মীরা কলা ভবন এবং কার্জন হল এলাকার বিভিন্ন গেটে অবস্থান নেয়। কলা ভবনের মূল গেটে ছাত্রলীগ কর্মীরা তালা ঝুলাইয়া দেয়। দুপুরে ছাত্রদল কলা ভবনের মূল গেটে সমাবেশ করে। সমাবেশ হইতে ছাত্রদল নেতৃবৃন্দ আগামী ১লা আগষ্ট প্রধান উপদেষ্টার নিকট স্মারকলিপি পেশের কর্মসূচী দেয় এবং আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের বেতন উঠানোর সুবিধার্থে ১১টা হইতে ১২টা পর্যন্ত ধর্মঘট ১ ঘন্টা শিথিলের ঘোষণা দেয়। ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মনির হোসেনের সভাপতিত্বে সমাবেশে নেতৃবৃন্দ বলেন, আমাদের দাবী আদায় না হওয়া পর্যন্ত ফাঁসির কাষ্ঠে ঝুলিতেও আমরা রাজি। গত ৫ বৎসরে ছাত্রদল অত্যাচার-নির্যাতন সহ্য করিতে করিতে প্রতিবাদী হইয়া উঠিয়াছে। সমাবেশে ছাত্রদল সাধারণ সম্পাদক শাহাবুদ্দীন লাল্টু, মঞ্জুর এলাহী, মোশারফ হোসেন, নূরুল ইসলাম নয়ন প্রমুখ বক্তব্য রাখেন।

ছাত্রলীগের উদ্যোগে ডাকসু ভবনের সম্মুখে সমাবেশে সাধারণ সম্পাদক অজয় কর খোকন, বেগ শাহীন জাহান, একেএম আজিম বক্তব্য রাখেন। সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেন, ধর্মঘট দিয়া সাধারণ ছাত্র-ছাত্রীদের জীবন অনিশ্চিত করা ছাত্রলীগ সহ্য করিবে না। টোকাই মাস্তানদের দিয়া পরিচালিত সংগঠনকে ছাত্রলীগ ক্যাম্পাসে প্রবেশ করিতে দিবে না। সাধারণ ছাত্র-ছাত্রীদের সাথে নিয়া ছাত্র লীগ গণপ্রতিরোধ গড়িয়া তুলিবে। ডাকসু ভবনের সম্মুখে ছাত্রলীগ নেতৃবৃন্দের উদ্যোগে সমাবেশে মনির দেলোয়ার, শ্যামলী, মমতাজ প্রমুখ বক্তব্য রাখেন। ছাত্রলীগ নেতৃবৃন্দ ধর্মঘটের প্রতিবাদে বিশাল এক কাপড়ের ব্যানারে কয়েকশত স্বাক্ষর সংগ্রহ করেন। ব্যানারে লেখা ছিল-আপনাদের সংগঠনের নেত্রী অশিক্ষিত, নেতৃত্ব অশিক্ষিত এ দোষ কি সাধারণ ছাত্রের?, আপনাদের ধর্মঘট কি অছাত্রদের হাতে ক্যাম্পাস তুলিয়া দেওয়ার জন্য প্রভৃতি শ্লোগান লেখা ছিল।

**জরুরী সিন্ডিকেট**

ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতি নিয়া আলোচনার জন্য আজ মঙ্গলবার জরুরী সিন্ডিকেট বসিবে।

**ছাত্রলীগের কর্মসূচী**

দেশব্যাপী বিএনপি-জামায়াত-শিবিরের তান্ডব বন্ধ, শিক্ষা প্রতিষ্ঠানে হামলা ও সন্ত্রাস বন্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে ছাত্রলীগ আগামী ৫ই আগষ্ট প্রধান উপদেষ্টার নিকট স্মারকলিপি পেশ করিবে।